

## ■ মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ৩৪৫ [আন্তর্জাতিক নামারঃ ৫৬৭]

৯. নামাযের সময় (كتاب مواعيit الصلاة)

পরিচ্ছেদঃ ইশার নামাযের ফজীলত

### بَابِ فَضْلِ الْعِشَاءِ

আরবী

..... عَنْ أَبِي مُوسَىٰ قَالَ: كُنْتُ أَنَا وَأَصْحَابِي الَّذِينَ قَدِمُوا مَعِي فِي السَّفِينَةِ نُزُولاً فِي بَقِيعِ بُطْحَانَ، وَالنَّبِيُّ بِالْمَدِينَةِ، فَكَانَ يَتَنَاءَبُ النَّبِيُّ عِنْدَ صَلَاةِ الْعِشَاءِ كُلَّ لَيْلَةٍ نَفَرَ مِنْهُمْ فَوَافَقْنَا النَّبِيُّ أَنَا وَأَصْحَابِي وَلَهُ بَعْضُ الشُّغْلِ فِي بَعْضِ أَمْرِهِ، فَأَعْتَمَ بِالصَّلَاةِ حَتَّى ابْهَارَ اللَّيْلُ، ثُمَّ خَرَجَ النَّبِيُّ فَصَلَّى بِهِمْ، فَلَمَّا قَضَى صَلَاتَهُ، قَالَ لِمَنْ حَضَرَهُ عَلَى رِسْلِكُمْ، أَبْشِرُوا، إِنَّ مِنْ نِعْمَةِ اللَّهِ عَلَيْكُمْ، أَنَّهُ لَيْسَ أَحَدٌ مِنَ النَّاسِ يُصَلِّي هَذِهِ السَّاعَةَ غَيْرُكُمْ. أَوْ قَالَ مَا صَلَّى هَذِهِ السَّاعَةَ أَحَدٌ غَيْرُكُمْ. لَا يَدْرِي أَيِّ الْكَلْمَاتَيْنِ قَالَ، قَالَ أَبُو مُوسَىٰ: فَرَجَعْنَا، فَفَرَحْنَا بِمَا سَمِعْنَا مِنْ رَسُولِ اللَّهِ

বাংলা

৩৪৫) আবু মূসা আশআরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি এবং আমার অন্যান্য সাথীরা নৌকায়েগে আগমণ করে 'বুতহান' নামক উপত্যকায় অবতরণ করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন মদীনায় অবস্থান করছিলেন। প্রতি রাতেই ইশার নামাযের সময় তাদের মধ্যে হতে কিছু লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পালাক্রমে গমণ করতেন। এক রাতে আমি এবং আমার কয়েকজন সাথী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট গেলাম। তখন তিনি কোন কাজে ব্যস্ত ছিলেন। তাই তিনি ইশার নামায অর্ধেক রাত পর্যন্ত দেরী করে আদায় করলেন। তিনি বের হয়ে সকলকে নিয়ে নামায পড়লেন। নামায শেষে উপস্থিত সকলকে বললেনঃ সকলেই নিজ নিজ স্থানে অপেক্ষা কর। তোমরা সুসংবাদ গ্রহণ কর! তোমাদের উপর আল্লাহর নেয়ামতের অন্যতম নেয়ামত হল, তোমরা ব্যতীত অন্য কেউ এ সময় নামায আদায় করছো। অথবা তিনি বলেছেনঃ তোমরা ব্যতীত অন্য কোন লোক এ সময় নামায আদায় করেনি। তিনি জানতে পারেননি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উপরোক্ত দুটি বাক্যের কোন বাক্যটি বলেছেন। আবু মূসা আশআরী (রাঃ) বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে এ কথা শুনে আমরা খুশী মনে বের হয়ে আসলাম।

## English

Superiority of the Isha prayer

Narrated Abu Musa:

My companions, who came with me in the boat and I landed at a place called Baqi [??] Buthan [??] . The Prophet (ﷺ) was in Medina at that time. One of us used to go to the Prophet (ﷺ) by turns every night at the time of the `Isha prayer. Once I along with my companions went to the Prophet (ﷺ) and he was busy in some of his affairs, so the `Isha' prayer was delayed to the middle of the night He then came out and led the people (in prayer). After finishing from the prayer, he addressed the people present there saying, "Be patient! Don't go away. Have the glad tiding. It is from the blessing of Allah upon you that none amongst mankind has prayed at this time save you." Or said, "None except you has prayed at this time." Abu Musa added, 'So we returned happily after what we heard from Allah's Messenger (ﷺ) ."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু মূসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89643>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন